




ব্যাংক

বিকাশের ২০ শতাংশ শেয়ার কিনছে সফট ব্যাংক

নিম্ন প্রতিবেদক ঢাকা



মোবাইলে বিকাশের অ্যাপ ফাইল ছবি

মোবাইলে আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান বিকাশের ২০ শতাংশ শেয়ার কিনছে জাপানভিত্তিক বহুজাতিক প্রতিষ্ঠান সফট ব্যাংক গ্রুপ। ব্র্যাক ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ সভায় গতকাল বৃধবার এই শেয়ার বিক্রির সিদ্ধান্ত হয়েছে। তবে এতে বিকাশের

মালিকানায় ব্র্যাক ব্যাংকের শেয়ারের কোনো পরিবর্তন ঘটবে না। আগের মতোই বিকাশের ৫১ শতাংশ মালিকানা ব্র্যাক ব্যাংকের হাতে থাকবে। এর আগে চীনের টেক জায়ান্ট আলিবাবার কাছে ২০ শতাংশ শেয়ার বিক্রি করে বিকাশ।

সব প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সফট ব্যাংকের কাছে বিকাশের ২০ শতাংশ শেয়ার হস্তান্তর সম্পন্ন হবে। তবে ঠিক কত দামে এই শেয়ার বিক্রি হচ্ছে, তা এখনো জানা যায়নি। আজ বৃহস্পতিবার ঢাকা স্টক এক্সচেঞ্জ এক ঘোষণায় এই সিদ্ধান্ত জানিয়েছে ব্র্যাক ব্যাংক। মূলত সফট ব্যাংকের ভিশন ফান্ড-২ বিকাশে বিনিয়োগ করছে।

বিজ্ঞপ্তি

গত ১০ বছরের নিরন্তর প্রচেষ্টায় কেন্দ্রীয় ব্যাংকের সুনির্দিষ্ট নিয়মনীতির আওতায় প্রযুক্তিভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বিকাশ সবার আস্থা অর্জন করেছে। এই বিনিয়োগ তারই এক স্বীকৃতি।
কামাল কাদীর, প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), বিকাশ

ঢাকা এক্সচেঞ্জের ঘোষণার পর বিকাশও আনুষ্ঠানিকভাবে বিষয়টি নিশ্চিত করেছে। তারা এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে, বাংলাদেশে ডিজিটাল ইকোসিস্টেম তৈরির মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তিকে আরও সমৃদ্ধ করতে সফট ব্যাংক বিনিয়োগ করেছে। বিকাশ ২০১০ সালে, ব্র্যাক ব্যাংক লিমিটেড, বাংলাদেশ এবং মানি ইন মোশন এলএলসি, ইউএসএর একটি যৌথ উদ্যোগ হিসেবে যাত্রা শুরু করে। বর্তমানে বিকাশের গ্রাহক সংখ্যা ৫ কোটি ৬০ লাখ।

বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) কামাল কাদীর বলেন, গত ১০ বছরের নিরন্তর প্রচেষ্টায় কেন্দ্রীয় ব্যাংকের সুনির্দিষ্ট নিয়মনীতির আওতায় প্রযুক্তিভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বিকাশ সবার আস্থা অর্জন করেছে। এই বিনিয়োগ তারই এক স্বীকৃতি। আমরা আশা করি, দেশের অন্যান্য সফল উদ্যোগ্তা ও উদ্ভাবকেরাও একইভাবে বিশ্বব্যাপী বিনিয়োগ আকৃষ্ণ করতে পারবেন।

শক্তিশালী অর্থনীতি তৈরিতে আর্থিক সেবার সহজলভ্যতা নিশ্চিত করা জরুরি। আমরা বিশ্বাস করি, একটি নিরাপদ, সুবিধাজনক ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম তৈরি করে বিকাশ বাংলাদেশের

আর্থিক ব্যবস্থাকে শক্তিশালী করেছে।

গ্রেগ মুন, ম্যানেজিং পার্টনার, সফট ব্যাংক ইনভেস্টমেন্ট অ্যাডভাইজারস

সফট ব্যাংক ইনভেস্টমেন্ট অ্যাডভাইজারসের ম্যানেজিং পার্টনার গ্রেগ মুন বলেন, ‘শক্তিশালী অর্থনীতি তৈরিতে আর্থিক সেবার সহজলভ্যতা নিশ্চিত করা জরুরি। আমরা বিশ্বাস করি, একটি নিরাপদ, সুবিধাজনক ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম তৈরি করে বিকাশ বাংলাদেশের আর্থিক ব্যবস্থাকে শক্তিশালী করেছে।’

২০১৩ সালের এপ্রিলে বিশ্বব্যাংক গ্রুপের সদস্য ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি) বিকাশের ইকুইটি পার্টনার এবং ২০১৪ সালের এপ্রিলে বিল অ্যান্ড মেলিভা গেটস ফাউন্ডেশন ইনভেস্টর হিসেবে বিকাশের সঙ্গে যুক্ত হয়। আর ২০১৮ সালের এপ্রিলে চীনের আলিবাবা গ্রুপের অ্যাফিলিয়েট, অ্যান্ট ফিন্যান্সিয়াল (আলি-পে) বিকাশে বিনিয়োগ করে।

জানা যায়, ১৯৮১ সালে প্রতিষ্ঠিত জাপানি উদ্যোক্তা মাসায়োসি সান কোম্পানিটি প্রতিষ্ঠা করেন। প্রথমে এর নাম ছিল সফট ব্যাংক করপোরেশন। শুরুর দিকে প্যাকেটজাত সফটওয়্যার বিতরণের মধ্য দিয়ে ব্যবসা শুরু করে তারা। ১৯৮২ সালে প্রকাশনা ব্যবসাও শুরু করে। ১৯৯০ সালের জুলাইয়ে কোম্পানিটির নাম পরিবর্তন করে রাখা হয় সফটব্যাংক করপোরেশন। জাপানের ব্যাংকে তাদের বিনিয়োগ আছে। আর সারা বিশ্বেই তথ্যপ্রযুক্তির মাধ্যমে আর্থিক ও সেবা ব্যবসার সঙ্গে জড়িত সফট ব্যাংক।

সফট ব্যাংক গ্রুপ করপোরেশন একটি জাপানি বহুজাতিক হোল্ডিং কোম্পানি। এর প্রধান কার্যালয় জাপানের টোকিও শহরে। বিশ্বের অনেক বড় কোম্পানিতে এদের বিনিয়োগ আছে। সফট ব্যাংক করপোরেশন, সফট ব্যাংক ভিশন ফান্ড, এআরএম হোল্ডিংস থেকে শুরু করে স্প্রিন্ট, আলিবাবা, ইয়াঙ্গ জাপান, উবার, ওলা, হাইক, পেটিএম, উইওয়ার্ক ইত্যাদি কোম্পানিতে সফট ব্যাংকের বিনিয়োগ আছে। ২০১৭ সালে ‘ফোর্বস গ্লোবাল ২০০০’ তালিকায় ৩৬তম বৃহৎ পাবলিক কোম্পানি হিসেবে স্বীকৃতি পায় সফট ব্যাংক।

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো